# মোদিকে জন্মদিনের শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী তারেক রহমান



ছবি: সংগৃহীত

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ৭৬তম জন্মদিনে তাকে শুভেচ্ছা জানিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার (১৭ সেপ্টেম্বর) রাত ১১টার দিকে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ফেসবুক পেজে এক বার্তায় তিনি এ শুভেচ্ছা জানান।

শুভেচ্ছাবার্তায় তারেক রহমান নরেন্দ্র মোদিকে জন্মদিনের শুভেচ্ছা জানিয়ে তার সুস্বাস্থ্য ও উদ্যম কামনা করেন। একই সঙ্গে ভারতের জনগণের জন্য মোদির সেবামূলক কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে আশা প্রকাশ করেন।

পরে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে তারেক রহমানের শুভেচ্ছার জবাব দেন নরেন্দ্র মোদি। উষ্ণ শুভেচ্ছার জন্য বাংলাদেশের প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে তিনি তার আন্তরিক কথার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

প্রসঙ্গত, ১৯৫০ সালের ১৭ সেপ্টেম্বর গুজরাটের ভাদনগরে জন্মগ্রহণ করেন নরেন্দ্র মোদি। বৃহস্পতিবার তিনি ৭৬ বছরে পা দিয়েছেন।

LENS ASIA